প্রথম আলো

তারিখ ... 07 MAY 2018 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ২ ...

# প্রশ্নপত্র তৈরি হয়নি পরীক্ষা স্থগিত

সংবাদদাতা, *জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়*

পূর্বঘোষণা ছাড়াই জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের স্নাতক (সম্মান) চতুর্থ বর্ষের একটি কোর্সের চূড়ান্ত পরীক্ষা স্থগিত করা হয়েছে। গতকাল রোববার দুপুর সাড়ে ১২টায় পরীক্ষাটি অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।

গণিত বিভাগের চতুর্থ বর্ষের কয়েকজন শিক্ষার্থী জানান, গতকাল রুটিন অনুসারে ৪০৮ নম্বর কোর্স 'অপারেশন রিসার্চ'-এর পরীক্ষা ছিল। শিক্ষার্থীরা পরীক্ষা দিতে বিভাগে গেলে পরীক্ষা স্থগিত করা হয়েছে বলে তাঁদের জানানো হয়। শিক্ষার্থীরা কারণ জিজ্ঞেস করলে বলা হয়, পরীক্ষা কমিটির অভ্যন্তরীণ জটিলতার কারণে পরীক্ষা স্থগিত করা হয়েছে।

পরীক্ষা কমিটির সভাপতি অধ্যাপক সৈয়দ সাব্বির আহমেদ বলেন, এই কোর্সের পরীক্ষার প্রশ্নপত্র তৈরি করার জন্য বিভাগের সহকারী অধ্যাপক মো. সাব্বির আলমকে দায়িত্ব দেওয়া হয়েছিল। গতকাল পরীক্ষার দিন সকালে তিনি প্রশ্নপত্র তৈরি করতে পারেননি বলে জানান।

যোগাযোগ করলে সাব্বির আলম বলেন, 'মাঝখানে ১৫ দিনের ছুটিতে আমি জাপানে ছিলাম। ছুটিতে যাওয়ার আগে এই প্রশ্নপত্র প্রস্তুত করে জমা দিয়ে যাই। ছুটি শেষ করে বিভাগে যোগ দেওয়ার পরপরই আমাকে একই বিষয়ের প্রশ্নপত্র আবার প্রস্তুত করতে বলা হয়। সময় কম পাওয়ায় প্রশ্নপত্রটি প্রস্তুত করতে পারিনি।'

উপাচার্য ফারজানা ইসলাম বলেন, 'পরীক্ষা কমিটির সভাপতি আমাকে মুঠোফোনে জানিয়েছেন, পরীক্ষার প্রশ্নপত্র তৈরি হয়নি। তাই বিষয়টি লিখিতভাবে জানাতে বলেছি এবং পরীক্ষা পরে নেওয়ার কথা বলেছি।'

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........................
তারিখ........................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিষ্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর